

স্মারক নং : ৪৬.০৬.০০০০.৩০৯.৩২.২০১.২৪-১০

তারিখ : ১৭ ফেব্রুয়ারী, ২০২৬ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

(ক্যাটাগরীঃ প্রাথমিক/ মেকানিক্যাল/ ইলেকট্রিক্যাল/ সিভিল)

বিষয়ঃ ২০২৬-২০২৭ আর্থিক সালের ঠিকাদার তালিকাভুক্তি নবায়নকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “২০২৫-২০২৬ আর্থিক সালের ঠিকাদার তালিকাভুক্তি নবায়নে যে সকল ঠিকাদার তালিকায় অন্তর্ভুক্ত আছেন, সে সকল ঠিকাদারগণকেই শুধুমাত্র ২০২৬-২০২৭ আর্থিক সালের জন্য নবায়ন ফি জমা প্রদানের জন্য অনুরোধ করা হল। ২০২৫-২০২৬ আর্থিক সালের হালনাগাদ করা হয়নি এমন ঠিকাদার প্রতিষ্ঠানকে ব্যাংকে নবায়ন ফি জমা প্রদান না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। যদি কোন ঠিকাদারী প্রতিষ্ঠান এরপরও নবায়নের টাকা জমা প্রদান করেন সেক্ষেত্রে কর্তৃপক্ষ কোন দায়-দায়িত্ব গ্রহণ করবে না।

উল্লেখ্য যে, এই বিজ্ঞপ্তিটি তালিকাভুক্ত ঠিকাদারের প্রদত্ত মেইলেও প্রেরণ করা হবে। সতর্কতার সাথে মেইলটি পড়ে নবায়নের ফি/ টাকা জমা প্রদানের জন্য অনুরোধ করা হল।

ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করতে, নবায়ন ফি (২০০০/-, STD-3) ও মূসক ফি (৩০০/-, STD-13) আগামী ১৯শে ফেব্রুয়ারী ২০২৬ ইং হতে ২০শে মার্চ ২০২৬ ইং এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম বরাবরে জনতা ব্যাংক, ওয়াসা কর্পোরেট শাখা, চট্টগ্রাম ওয়াসায় জমা করতে হবে। নির্ধারিত সময়ে ফি জমা না করে থাকে তাহলে কর্তৃপক্ষের নিয়মাবলী অনুযায়ী নির্ধারিত তারিখের পর পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দ্বিগুণহারে অর্থাৎ নবায়ন ফি (৪০০০/-, STD-3) ও মূসক ফি (৬০০/-, STD-13) তে জনতা ব্যাংক, ওয়াসা কর্পোরেট শাখা, চট্টগ্রাম ওয়াসায় জমা করতে হবে। উক্ত গ্রেস পিরিয়ড উত্তীর্ণ হওয়ার পর নবায়নের জন্য কোন আবেদন বিবেচনা করা হবে না এবং তালিকাভুক্তি বাতিল হয়ে যাবে।

নিম্নবর্ণিত কাগজপত্রসহ অবশ্যই যুক্ত করে নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে, সদস্য সচিব, ঠিকাদার তালিকাভুক্তি কমিটি ও নির্বাহী প্রকৌশলী, ডিজাইন বিভাগ বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হল।

১। ক) নবায়ন ফি ও মূসক ফি এর রশিদসমূহ মূলকপি ও ফটোকপি - ১ সেট।

খ) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহি মূলকপি ও ফটোকপি - ১ সেট।

গ) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহিতে ছবি সম্বলিত পৃষ্ঠায় বর্ণিত ফটো, ক্যাটাগরী, তালিকার বর্ণনা, ঠিকানা ও হালনাগাদকৃত পৃষ্ঠা প্রভৃতি সত্যায়িত ফটোকপি - ২ সেট।

২। যে শ্রেণীর জন্য নবায়ন করা হবে সেই শ্রেণীর ঠিকাদার হিসাবে যে কোন সিটি কর্পোরেশন হতে (ডিজিটাল বা অনলাইন সত্যায়িত কপি) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৩। মূল্য সংযোজন কর (VAT) (১১ ডিজিট/ অনলাইনে ৯ ডিজিট বিশিষ্ট) ও আয়কর (ITAX) (১২ ডিজিট) হালনাগাদ পরিশোধের কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।

৪। টিন সার্টিফিকেট এর সাথে রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) এবং মূল্য সংযোজন কর (VAT) এর সাথে ভ্যাট দাখিলের প্রমাণক (PSR) অবশ্যই দাখিল করতে হবে।

৫। ইলেকট্রিক্যাল শ্রেণীর ক্ষেত্রে হালনাগাদকৃত বৈদ্যুতিক ABC লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৬। প্রতিষ্ঠানের ই-মেইল এবং মোবাইল নম্বর পরিবর্তন হলে অত্র দপ্তরে অবহিত করতে হবে।

ক) প্রতিষ্ঠানের ই-মেইল

খ) প্রতিষ্ঠানের মোবাইল নম্বর
(হোয়াটসঅ্যাপ)

--	--	--	--	--	--	--	--	--	--

*** যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের নিবন্ধন বহি শেষ হয়ে গেছে তাঁদেরকে ২০০/- (অফেরতযোগ্য) টাকা STD-3, জনতা ব্যাংক, ওয়াসা শাখায় জমাদানের রশিদ অত্র অফিসে দাখিল পূর্বক নতুন নিবন্ধন বহি সংগ্রহ করা বাঞ্ছনীয়।

*** শুধুমাত্র (২০২৫-২০২৬ সাল) হালনাগাদকৃত ঠিকাদারদের জন্য এই বিজ্ঞপ্তি প্রযোজ্য হবে।

*** উল্লিখিত কাগজসমূহ জমা করতে ব্যর্থ হলে তালিকাভুক্তি নবায়ন করা সম্ভব হবে না।



সদস্য সচিব

ঠিকাদার তালিকাভুক্তি কমিটি

ও

নির্বাহী প্রকৌশলী

ডিজাইন বিভাগ, চট্টগ্রাম ওয়াসা।

মোবাইল নং- ০১৩২৪-৭১২৪২২

